গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
নেজারত শাখা
www.sylhet.gov.bd

**মহান বিজয় দিবস-২০২১ উদযাপনের লক্ষ্যে গঠিত বিজয় শোভাযাত্রা উপকমিটির সভার কার্যবিবরণিঃ**

সভাপতি : এ.এইচ.এম মাহফুজুর রহমান
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) ও
আহবায়ক, বিজয় শোভাযাত্রা উপকমিটি, সিলেট
তারিখ : ২৫ নভেম্বর ২০২১
স্থান : জেলা প্রশাসক, সিলেট-এর সম্মেলনকক্ষ
সময় : বিকাল ৪.০০ ঘটিকা
সভার উপস্থিতি : পরিশিষ্ট ''ক'' দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। মহান বিজয় দিবস ২০২১ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের লক্ষ্যে বিগত ২২ নভেম্বর ২০২১ তারিখের প্রস্তুতি সভায় আগামি ০১ ডিসেম্বর ২০২১ তারিখ বিজয় শোভাযাত্রা আয়োজনে গৃহীত সিদ্ধান্ত সভায় পাঠ করে শুনানো হয়।

অতঃপর মহান বিজয় দিবস ২০২১ উদ্‌যাপনের নিমিত্ত প্রস্তুতি সভার গৃহীত সিদ্ধান্তের আলোকে ০১ ডিসেম্বর ২০২১ তারিখ, সকাল ৯:৩০ ঘটিকায় জেলা প্রশাসকের কার্যালয় প্রাঙ্গন হতে কেন্দ্রীয় শহীদ মিনার পর্যন্ত বিজয় শোভাযাত্রা করোনা পরিস্থিতির মধ্যে স্বাস্থ্যবিধি মেনে সুষ্ঠু-সুন্দর ও আড়ম্বরপূর্ণভাবে সম্পন্ন করার লক্ষ্যে উপস্থিত সকলের মতামত/পরামর্শের ভিত্তিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়।

**সিদ্ধান্তসমূহ:**

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | সার্বিক নিরাপত্তা প্রদান | জেলা প্রশাসকের কার্যালয় প্রাঙ্গন হতে কেন্দ্রীয় শহীদ মিনার পর্যন্ত বিজয় শোভাযাত্রার সার্বিক নিরাপত্তা নিশ্চিত করতে হবে। | পুলিশ কমিশনার, এসএমপি, সিলেট |
| ২. | বিজয় শোভাযাত্রায় স্বাস্থ্যবিধি প্রতিপালন | বিজয় শোভাযাত্রায় অংশগ্রহণকারী সকলকে যথাযথভাবে স্বাস্থ্যবিধি প্রতিপালন নিশ্চিত করতে হবে। | সংশ্লিষ্ট সকল |
| ৩. | সুসজ্জিত ট্রাকে করে শিল্পিগণের বিজয়ের গান পরিবেশন | (ক) বিজয় শোভাযাত্রাকে বর্ণিল করার জন্য শোভাযাত্রার সামনে একটি সুসজ্জিত ট্রাকে বাউল শিল্পিগণের পরিবেশনায় বিজয়ের গান পরিবেশন করতে হবে।<br>(খ) আগামি ২৯ নভেম্বর ২০২১ তারিখের মধ্যে উক্ত কর্মসূচির প্রস্তুতি সম্পর্কে অবহিত করতে হবে। | ১। নেজারত ডেপুটি কালেক্টর, সিলেট<br>২। সাধারণ সম্পাদক, সম্মিলিত নাট্য পরিষদ, সিলেট |
| ৪. | মহান মুক্তিযুদ্ধ সংক্রান্ত বিভিন্ন রকমের পোস্টার, ফেস্টুন প্রস্তুত | ক) মহান মুক্তিযুদ্ধের বিভিন্ন পোস্টার ফেস্টুন প্রস্তুতসহ শোভাযাত্রাকে জাকজমকপূর্ণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>খ) যেমন খুশি তেমন সাজো টিম প্রস্তুত করতে হবে।<br>গ) আগামি ২৯ নভেম্বর ২০২১ তারিখের মধ্যে উক্ত কর্মসূচির প্রস্তুতি সম্পর্কে অবহিত করতে হবে। | ১। জেলা কালচারাল অফিসার, সিলেট<br>২। জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, সিলেট |
| ৫. | লাল সবুজ ক্যাপ/মাস্ক সরবরাহ | বিজয় শোভাযাত্রাকে আকর্ষণীয় করার লক্ষ্যে লাল সবুজ ক্যাপ/মাস্ক সরবরাহ নিশ্চিত করতে হবে। | ১। প্রধান নির্বাহী কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন/জেলা পরিষদ, সিলেট<br>২। উপজেলা নির্বাহী অফিসার, সদর<br>৩। সভাপতি, সিলেট চেম্বার অব কমার্স/মেট্রোপলিটন চেম্বার অব কমার্স<br>৪। ব্যবস্থাপক, গ্রামীণ ফোন/রবি টেলিকম<br>৫। ফুলকলি, ৬। মধুবন, ৭। ফিজা |
| ৬. | বীর মুক্তিযোদ্ধাগণের অংশগ্রহণ | বিজয় শোভাযাত্রায় বীর মুক্তিযোদ্ধাগণ ব্যানার সহকারে অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। | ১। সাবেক কমান্ডার, মুক্তিযোদ্ধা সংসদ, জেলা ও মহানগর ইউনিট, সিলেট |
| ৭. | সরকারি/বেসরকারি প্রতিষ্ঠানের অংশগ্রহণ | বিজয় শোভাযাত্রায় সকল সরকারি এবং বেসরকারি প্রতিষ্ঠানের সকল কর্মকর্তা-কর্মচারীগণকে শোভাযাত্রায় অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। | স্ব স্ব প্রতিষ্ঠান |

| | | | |
|---|---|---|---|
| ৮. | বিজয় শোভাযাত্রায় শিক্ষার্থীদের উপস্থিতি | ০১ ডিসেম্বর ২০২১ সকাল ৯.০০ ঘটিকার মধ্যে জেলা প্রশাসকের কার্যালয় প্রাঙ্গনে স্ব স্ব বিদ্যালয়ের ব্যানারসহ কমপক্ষে ৫০ জন শিক্ষার্থীর উপস্থিতি নিশ্চিত করতে হবে। | ১। জেলা শিক্ষা অফিসার, সিলেট<br>২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সিলেট |
| ৯. | মুক্তিযোদ্ধাগণের অংশগ্রহণ ও প্রতিকী উপস্থাপন | (ক) বিজয় শোভাযাত্রায় জেলা ও মহানগর কমান্ডের মুক্তিযোদ্ধাগণের অংশগ্রহণের অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। জনাব সুব্রত চক্রবর্তী জুয়েল, সাবেক কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, সিলেট জেলা<br>২। জনাব ভবতোষ রায় বর্মন, সাবেক কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, সিলেট মহানগর |
| | | (খ) বিজয় শোভাযাত্রার সম্মুখে মুক্তিযোদ্ধার প্রতিকী উপস্থাপন করতে হবে। | ১। জনাব ভবতোষ রায় বর্মন, সাবেক কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, সিলেট মহানগর<br>২। জেলা কালচারাল অফিসার, সিলেট |
| ১০. | কেন্দ্রীয় শহীদ মিনার এবং রাস্তা পরিস্কার পরিচ্ছন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ | ক) বিজয় শোভাযাত্রা উপলক্ষে কেন্দ্রীয় শহীদ মিনার প্রাঙ্গান আগামি ২৯ নভেম্বর ২০২১ তারিখের মধ্যে পরিস্কার পরিচ্ছন্নকরণ নিশ্চিত করতে হবে।<br>খ) জেলা প্রশাসকের কার্যালয় প্রাঙ্গান হতে কেন্দ্রীয় শহীদ মিনার পর্যন্ত রাস্তা পরিস্কার পরিচ্ছন্নকরণ নিশ্চিত করতে হবে। | প্রধান নির্বাহী কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন, সিলেট |
| ১১. | বিজয় শোভাযাত্রার বিষয়টি বহুল প্রচার | বিজয় শোভাযাত্রার বিষয়টি বহুল প্রচার করতে হবে। | ১। জেলা তথ্য অফিস, সিলেট<br>২। বাংলাদেশ বেতার, সিলেট<br>৩। সভাপতি, জেলা প্রেসক্লাব/সিলেট প্রেসক্লাব/অনলাইন প্রেসক্লাব/ইমজা |
| ১২. | অপারেটরসহ পর্যাপ্ত মাইক সরবরাহ | বিজয় শোভাযাত্রায় অপারেটরসহ পর্যাপ্ত মাইক সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপপরিচালক, জেলা তথ্য অফিস, সিলেট |
| ১৩. | বাদকদল প্রেরণ | বিজয় শোভাযাত্রার সৌন্দর্য্য বর্ধনের নিমিত্ত এসএমপি, জেলা পুলিশ এবং সমাজসেবা অধিদপ্তরের বাদক দল প্রেরণ নিশ্চিত করতে হবে। | ১। পুলিশ কমিশনার, এসএমপি, সিলেট<br>২। পুলিশ সুপার, সিলেট<br>৩। উপপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, সিলেট |
| ১৪. | ঘোড়ার গাড়ি সরবরাহ | বিজয় শোভাযাত্রাকে আকর্ষণীয় ও সুন্দর করার লক্ষ্যে সুসজ্জিত ঘোড়ার গাড়ি সরবরাহ করতে হবে। | বিভাগীয় বন কর্মকর্তা, সিলেট |

পরিশেষে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে মহান বিজয় দিবস ২০২১ এর আয়োজিত অনুষ্ঠানসমুহ সুষ্ঠুভাবে বাস্তবায়নে সকলের সহযোগিতা কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৫/১১/২১

এ.এইচ.এম মাহফুজুর রহমান
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) ও
সভাপতি
বিজয় শোভাযাত্রা উপকমিটি, সিলেট
☏ ০২৯৯৬৬৩১০২০
মোবাইল নং-০১৭৩০-৩৩১০১৪

স্মারক নম্বর ০৫.৪৬.৯১০০.০০৭.২৩.০০৬.২১.২৪৭

তারিখ: ১০ অগ্রহায়ণ ১৪২৮ / ২৫ নভেম্বর ২০২১

বিতরণঃ

..........................................................

..........................................................

সিলেট